২৫৭

দৈনিক সংবাদ

তারিখ ... JUL. 4 .. 1999. ..
পৃঃ ১ কলাম ১



নির্যাতনের চিহ্ন দেখাচ্ছে লিমন

# শিক্ষিকার নির্মম আচরণ □ স্কুল যেন আতংক

(নিজস্ব বার্তা পরিবেশক)

স্কুল শিক্ষিকার নির্মম মারে আহত শিশু লিমন এখন স্কুলে যেতেই ভয় পাচ্ছে। স্কুল এখন তার কাছে আতংকের আরেক নাম।

ক্লাস চলার সময় স্কুলের বারান্দায় টেনিস বল নিয়ে খেলার অপরাধে মাহফুজুর রহমান লিমন (৮) নামে ২য় শ্রেণীর ঐ

স্কুল ঃ পৃঃ ৭ কঃ ৪

## স্কুল ঃ আতংক

(১ম পৃষ্ঠার পর)

ছাত্রকে বেদম মারধর করেছেন ক্লাস শিক্ষিকা। গতকাল শনিবার সকালে ধানমন্ডি বয়েজ হাইস্কুলে এ ঘটনা ঘটে।

লিমনের বাবা মাহবুবুর রহমান গতকাল দুপুরে তার ছেলেকে নিয়ে জাতীয় প্রেস ক্লাবে গিয়ে শিক্ষিকা শিউলি বেগমের বিরুদ্ধে অভিযোগ করেন। তিনি বলেন, ওই শিক্ষিকা তার ছেলেকে নির্মমভাবে প্রহার করেছেন। তার অপরাধ সে ক্লাসের বারান্দায় টেনিস বল খেলছিল। লিমন ২য় শ্রেণীর 'ক' শাখার ছাত্র. ৫৩/২. শুক্রাবাদ এলাকায় তাদের বাসা।

মাহবুবুর রহমান জানান, গতকাল সাড়ে ১০টায় শিক্ষিকা শিউলি বেগম যখন ক্লাস নিচ্ছিলেন লিমন তখন স্কুলের বারান্দায় ছিল। সে টেনিস বল নিয়ে খেলায় নিমগ্ন থাকায় শিক্ষিকা যে ক্লাসে এসেছেন তা খেয়াল করেনি। এতে উত্তেজিত হয়ে ওই শিক্ষিকা লিমনকে বেত দিয়ে বেদম প্রহার করেন। এতে শিশু লিমনের শরীরের বিভিন্ন অংশ ফেটে যায়। আতংকিত লিমন এখন স্কুলে যেতেই ভয় পাচ্ছে।

তিনি শিশুর উপর এই অমানবিক আচরণের বিচার দাবি করেন।